বাংলাদেশ জাতীয়তাবাদী দল
ঢাকা মহানগর উত্তর
ভাসানী ভবন, পুরাতন ৮০, নয়া পল্টন, নতুন ৫১, শান্তি নগর, ভি.আই.পি রোড, ঢাকা-১০০০


তারিখ ঃ ১৪ আগস্ট ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি


## ঢাকা মহানগর উত্তর বিএনপি'র আহবায়ক আমিনুল হক এবং সদস্য সচিব মোস্তফা জামান এর শোকবার্তা

ঢাকা মহানগর উত্তর গুলশান থানা বিএনপি'র সাবেক সভাপতি ও ঢাকা মহানগর উত্তর বিএনপি'র সদস্য আলহাজ্ব ফারুক হোসাইন ভুঁইয়া'র মাতা নুরজাহান বেগম বার্ধক্যজনিত কারণে গতরাতে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৫ বছর। নুরজাহান বেগম এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ঢাকা মহানগর উত্তর বিএনপি'র আহবায়ক **জনাব আমিনুল হক** এবং সদস্য সচিব জনাব **মোস্তফা জামান।**

আজ এক শোকবার্তায় নেতৃদ্বয় বলেন, "নুরজাহান বেগম এর মৃত্যুতে তার পরিবার-পরিজনদের মতো আমরাও গভীরভাবে সমব্যাথী। ধর্মপরায়ণা ও পরোপকারী মহিলা হিসেবে তিনি প্রতিবেশীদের নিকট সুপরিচিত ও শ্রদ্ধাভাজন ছিলেন। দোয়া করি-মহান রাব্বুল আলামীন যেন তাকে জান্নাত নসীব এবং শোকাহত পরিবারবর্গকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।"

নেতৃদ্বয় শোকবার্তায় নুরজাহান বেগম এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকার্ত পরিবারবর্গ, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক



(এ বি এম এ রাজ্জাক)
যুগ্ম আহবায়ক (দপ্তরের দায়িত্বে)
ঢাকা মহানগর উত্তর বিএনপি
মোবাইল : ০১৬৩২-৩৮২১১১